সমকাল

তারিখ 05 APR 2015
পৃষ্ঠা ৩ কলাম ৪



# চার মাস পর খুললো ইসলামী বিশ্ববিদ্যালয়

■ইবি প্রতিনিধি

চার মাস পর গতকাল শনিবার খুলেছে ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি)। খোলার প্রথম দিনেই শিক্ষার্থীদের পদচারণায় মুখর ছিল ক্যাম্পাস। বেশ কয়েকটি বিভাগে ক্লাস হয়েছে। একই সঙ্গে স্নাতক (সম্মান) শ্রেণীর প্রথম বর্ষের ভর্তি কার্যক্রমও শুরু হয়েছে। গত ৩০ নভেম্বর বাসচাপায় ছাত্র নিহতের ঘটনায় গত ১ ডিসেম্বর থেকে ইবি বন্ধ ছিল।

গতকাল বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের উপস্থিতি ছিল লক্ষণীয়। আইন, ইংরেজি এবং আরবি ভাষা ও সাহিত্য বিভাগসহ বেশ কয়েকটি বিভাগে ক্লাস অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের পরিবহন চলাচলও ছিল স্বাভাবিক।

**ভর্তি কার্যক্রম শুরু** : এদিকে গতকাল থেকে বিশ্ববিদ্যালয়ের ২০১৪-১৫ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণীর প্রথম বর্ষের ভর্তি কার্যক্রম

পৃষ্ঠা ১৭ : কলাম ৭

## চার মাস পর

[তৃতীয় পৃষ্ঠার পর]

শুরু হয়েছে। ধর্মতত্ত্ব অনুষদভুক্ত এ, কলা অনুষদভুক্ত বি, সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত সি, বিজ্ঞান অনুষদভুক্ত ডি ও ই, ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত জি এবং আইন ও শরিয়াহ অনুষদভুক্ত এইচ ইউনিটে ভর্তি পরীক্ষায় মেধা তালিকায় উত্তীর্ণ একাংশের মৌখিক সাক্ষাৎকার গতকাল অনুষ্ঠিত হয়। সাক্ষাৎকার চলবে ৮ এপ্রিল পর্যন্ত। আজ গণিত ও পরিসংখ্যান বিভাগভুক্ত এফ ইউনিটের সাক্ষাৎকার শুরু হবে।

ইবি উপাচার্য অধ্যাপক ড. আবদুল হাকিম সরকার সমকালকে বলেন, 'ক্যাম্পাস খুলে দেওয়ার পর এখন আমাদের লক্ষ্য সেশনজট কমানো। বিষয়টি নিয়ে বিভাগীয় শিক্ষকদের সঙ্গে আলোচনা করা হবে।' শিক্ষকরা অতিরিক্ত ক্লাস-পরীক্ষা নিয়ে বিভাগের সেশনজট কমিয়ে আনতে পারবেন বলে উপাচার্য আশা প্রকাশ করেন।